যুগান্তর

তারিখ: 0 9 FEB 2015

### ঢাবিতে ছাত্রদলের ধর্মঘট

# বিশ্ববিদ্যালয়ের গাড়িতে আগুন ককটেল উদ্ধার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগ দাবিতে জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘটে রোববার বিশ্ববিদ্যালয়ের একটি বাসে অগ্নিসংযোগ করা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কারখানা থেকে ৩টি তাজা ককটেল উদ্ধার করা হয়েছে। ইতিহাস বিভাগের সামনে একটি ককটেলের বিস্ফোরণ ঘটানো হয়েছে।

তবে অবরোধের সমর্থনে বিশ্ববিদ্যালয় এলাকায় কোনো ধরনের মিছিল-মিটিং করতে পারেনি ছাত্রদল। সকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পয়েন্টে ব্যাপক পুলিশ মোতায়েন ছিল। এছাড়া সকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে ছিল ছাত্রলীগের অবস্থান। সায়েন্সল্যাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যাতায়াতের বাসে দুর্বৃত্তরা আগুন দিলে একটি সিট পুড়ে যায়। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। এ ঘটনায় কাউকে আটক করতে পারেনি পুলিশ। বিশ্ববিদ্যালয়ের বাসে আগুন দেয়ার ঘটনায় চরম উৎকণ্ঠায় রয়েছে সাধারণ শিক্ষার্থীরা।

এছাড়া অবরোধ ও ধর্মঘটে দু'একটি বিভাগে ছাড়া বেশিরভাগ বিভাগেই নির্ধারিত ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। বিশ্ববিদ্যালয়ের বাইরে থাকে ক্যাম্পাসে এমন শিক্ষার্থীদের উপস্থিতি ছিল একেবারেই কম।

জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী যুগান্তরকে বলেন, সেশনজট এড়াতেই ক্লাস পরীক্ষা নিয়মিত নেয়া হচ্ছে।